TRANSPARENCY
INTERNATIONAL
BANGLADESH
*Social movement against corruption*

ই-মেইলে প্রাপ্ত

টিআইবি/দুবিকাপ্র/২০২৬/৪৮৫
২৯ জুন ২০২৬

জনাব আমিনুল ইসলাম
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসকের কার্যালয়
পাবনা

**বিষয়: টিআইবি আয়োজিত "দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা-২০২৬" এ অংশগ্রহণ প্রসঙ্গে।**

মহোদয়,

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এর পক্ষ থেকে শুভেচ্ছা!

৯ ডিসেম্বর আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে টিআইবির নিয়মিত আয়োজন "দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা-২০২৬" এর আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী সকল তরুণদের হাতে আঁকা কার্টুনের পাশাপাশি ডিজিটাল-পদ্ধতি অবলম্বন করে আঁকা কার্টুন ও হাতে আঁকা কমিক স্ট্রিপ জমা দেওয়ার আহ্বান জানানো যাচ্ছে। এবারের প্রতিযোগিতার বিষয় "দুর্নীতি বহুরূপী"।

১৫ আগস্ট ২০২৬–এর মধ্যে অনলাইন নিবন্ধন সাপেক্ষে "কার্টুন ও কমিক স্ট্রিপ" টিআইবি কার্যালয়ে পৌছাতে হবে। কার্টুন ও কমিক স্ট্রিপ পাঠানোর ঠিকানা– আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন বিভাগ; ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ; মাইডাস সেন্টার (লেভেল-৪); বাড়ি-৫; সড়ক-১৬ (নতুন), ২৭ (পুরাতন), ধানমন্ডি; ঢাকা-১২০৯। এ বিষয়ে বিস্তারিত জানতে প্রদত্ত লিংক: **https://ti-bangladesh.org/cartoon-competition** অথবা সংযুক্ত পিডিএফ ফাইলটি দেখার অনুরোধ রইল। প্রতিযোগিতা-সংক্রান্ত কোনো জিজ্ঞাস্য থাকলে আমার সহকর্মী মাসুম বিল্লাহ (০১৭৫৫৫৪৮৪২১ masum@ti-bangladesh.org) এর সঙ্গে যোগাযোগ করার বিশেষ অনুরোধ করছি।

প্রতিযোগিতা-সম্পর্কিত তথ্য (সংযুক্ত পিডিএফ ফাইল অথবা ওয়েবলিংকটি) আপনার ব্যবস্থাপনা, তত্ত্বাবধান ও সমন্বয়াধীন সরকারি ও বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের আগ্রহী শিক্ষার্থীদের অবগত করাসহ প্রতিযোগিতায় তাদের অংশগ্রহণের জন্য উৎসাহ প্রদানের সবিশেষ অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদসহ,

মোহাম্মদ তৌহিদুল ইসলাম
পরিচালক
আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন

সংযুক্তি:

- প্রতিযোগিতা-সম্পর্কিত বিস্তারিত তথ্য